দামুড়হুদায় শিক্ষার্থীদের মাঝে স্মার্ট ট্যাব বিতরণ

দামুড়হুদায় শিক্ষার্থীদের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে সরকারি ও এমপিওভূক্ত মাধ্যমিক বিদ্যালয় এবং সমমানের মাদ্রাসায় অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের মাঝে জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের ট্যাব বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা অডিটোরিয়াম হলে ৩৯টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে ৩৫১টি ট্যাব বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা’র সভাপতিত্বে ট্যাব বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান সরকারের আমলে শিক্ষা খাতে অনেক উন্নয়ন হয়েছে। সরকার বিনামূল্যে বই বিতরণ করছে। শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি প্রদান করা হচ্ছে। শিক্ষার্থীদের কথা মাথায় রেখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনশুমারি ও গৃহগণনা- ২০২১ প্রকল্পের ট্যাব বিতরণের সিদ্ধান্ত নেন এবং তারই ধারাবাহিকতায় আজ শিক্ষার্থীদের মাঝে এই ট্যাব বিতরণ করা হচ্ছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আ: মতিন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, উপজেলা পরিসংখ্যান তদন্তকারী কর্মকর্তা জিল্লুর রহমান, পরিসংখ্যান সহকারী আব্দুল মালেক, শ্রী সুমন কুমার দাসসহ ট্যাব বিতরণকারী ৩৯টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বিল্লাল হোসেন।

আলমডাঙ্গায় বধ্যভূমি পার্ক পরিদর্শনে এমপি ছেলন জোয়াদ্দার

আলমডাঙ্গা বধ্যভূমির দৃষ্টিনন্দন কাজ পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

গতকাল বুধবার বেলা ১১টার দিকে তিনি বধ্যভূমির দৃষ্টিনন্দন কাজ ঘুরে দেখেন। পরে বধ্যভূমি সেডে নেতা কর্মিদের সাথে মতবিনিময় করেন।

মতবিনিময়কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার জন্য এ বধ্যভূমি নির্মাণ করা হয়েছে, এখানে মুক্তিযুদ্ধ যাদুঘরে নির্মাণ করা হবে। পার্কের কাজ চলছে। তিনি বলেন, আমাদের প্রত্যেককে মুক্তিযুদ্ধের চেতন বুকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে কাজ করতে হবে।

আজকে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা দেশের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। দেশ যখন উন্নয়নের মহাসড়কে প্রবেশ করেছে, তখন একটি গোষ্টি নানা ষড়যন্ত্র করছে। এদের থেকে আমাদের সজাগ থাকতে হবে।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশ সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য নুরুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, রাজাবুল হক মনা, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, আশিকুজ্জামান ওল্টু, মাহমুদুল হাসান চঞ্চল, তরিকুল ইসলাম, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন, আওয়ামীলীগে নেতা আব্দুল মালেক, রুবেল, লিংকন জোয়ার্দ্দার, যুবলীগ নেতা সাজ্জাদুল ইসলাম খান স্বপন, কাউন্সিলর আব্দুর গাফফার, সৈকত খান, ফারুক, নূর আলম,

বিপ্লব মেম্বার,কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল হক, সাবেক যুগ্ম সম্পাদক হাসানুজ্জামান,সাবেক প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, কাজী চন্দন, সাকিব, সজীব, টিটন, সুরুজ, নাজিম, রাহুল, প্রমুখ।

দর্শনা সীমান্তে প্রায় ৮২ লাখ টাকার সোনার বার উদ্ধার, আটক ১

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থেকে প্রায় এক কেজি ওজনের ৮ স্বর্ণের বারসহ সুলতান আহমেদ (৪৪) নামের এক চোরাকারবারিকে আটক করেছে মহেশপুর ৫৮ বিজিবি। আটক সুলতান আহমেদ চাঁদপুর জেলা সদরের আমির হোসেনের ছেলে।

গতকাল বুধবার (১২ এপ্রিল) সকাল ৭টার দিকে দর্শনা কেরু অ্যান্ড কোম্পানির গেইটের সামনে থেকে তাকে আটক করা হয়।

মহেশপুর ৫৮ বিজিবির সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, নিজস্ব গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারেন একজন ব্যক্তি ভ্যানযোগে দর্শনা রেলস্টেশন এলাকা থেকে স্বর্ণ পাচারের উদ্দেশ্যে দর্শনা সীমান্তের দিকে যাবে। এমন তথ্যের ভিত্তিত্বে ব্যাটালিয়ন সদরের একটি বিশেষ টহল দল গতকাল বুধবার সকালে দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি এলাকায় অবস্থান নেয়। অবস্থানকালিন সকাল ৭টার দিকে এক ব্যাক্তিকে কেরু অ্যান্ড কোম্পানির গেইট এলাকা দিয়ে দর্শনা সীমান্তের দিকে যেতে দেখলে সন্দেহ হলে টহলদল তাকে আটক করে। পরে তার দেহ তল্লাশি করার সময় পায়ের তালুতে স্কচ স্টেপ দিয়ে লাগানো

অবস্থায় ৯৭৯ দশমিক ৬২ গ্রাম ওজনের ৮টি স্বর্ণের ফ্ল্যাট বার উদ্ধার করা হয়। আটককৃত স্বর্ণের আনুমানিক মূল্য ৮১ লাখ ৪৬ হাজার ৬৮৭ টাকা।

তিনি আরও জানান, স্বর্ণের বারের শুল্ক কর ফাঁকি দিয়ে ভারতে পাচারের উদ্যেশ্যে পরিবহন করা ও নিজ জিম্মায় রাখার অপরাধে অভিযুক্ত সুলতান আহমেদ কে আটক করা হয়। তার বিরুদ্ধে দর্শনা থানায় মামলা হয়েছে। এবং স্বর্ণের বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনায় রুপসা এক্সপ্রেস থেকে ১ কেজি হেরোইন উদ্ধার

চিলাহাটি থেকে ছেড়ে আসা ট্রেন অভিযান চালিয়ে দর্শনা ৬ বিজিবি ১কেজি ১শ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।
জানাগেছে গতকাল বুধবার দুপুর ২ টার দিকে ৬ বিজিবির পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি নেতৃত্বে অভিযান চালায় দর্শনা হল্ট ষ্টেশনে।

এ সময় দর্শনা বিওপি কমান্ডার সুবেদার নওশের আলী সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রুপসা এক্সপ্রেস ট্রেনে। এ সময় বিজিবি রুপসা এক্সপ্রেসের দ্বিতীয় বগির ভিতর ক্যারিয়ার এর উপর একটি স্কুল ব্যাগ দেখতে পায়। বিজিবি ব্যাগ তল্লাশি করে ১কেজি ১শ গ্রাম হেরোইন উদ্ধার করে।বিজিবি ব্যাগের মালিক না পাওয়ায় কাউকে আটক করতে পারেনী।

বিজিবি জানায় দর্শনা সীমান্তের পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ৩.৫ কিঃ মিঃবাংলাদেশের অভ্যন্তরে দর্শনা রেল ষ্টেশন থেকে এ হেরোইন আটক করে।এ ঘটনায় সুবেদার নওশের আলী বাদি হয়ে দর্শনা থানায় মামলার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

জীবননগরে ১০টাকার ঈদ বাজারের উদ্বোধন

আসন্ন পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে দরিদ্র ও অসহায় মানুষের জন্য ১০টাকার ঈদ বাজারের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টার সময় সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলীর উদ্যোগে ও ওয়েভ ফাউন্ডেশনের সহযোগিতায় জীবননগর উপজেলা পরিষদের সামনে এ ঈদ বাজারের উদ্বোধন করা হয়।

ইয়ুথ এ্যাসেম্বলীর জীবননগর উপজেলা শাখার সভাপতি মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, ইয়ুথ এ্যাসেম্বলীর সদস্য আশরাফুজ্জামান লিটন, রইচ উদ্দিন তুহিনুজ্জামান, লাবনী, মিম, সোহাগ প্রমুখ।

উল্লেখ্য ১০ টাকার ঈদ বাজার থেকে একজন ব্যাক্তি ১ কেজি চাউল, ১ কেজি আলু, ৫০০গ্রাম সেমাই ও ৫০০গ্রাম চিনি ক্রয় করতে পারবে। প্রথম দিনে উপজেলার শতাধীক মানুষের কাছে বিক্রয় করা হয় ।

চুয়াডাঙ্গায় উগ্রবাদ

প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর দিনব্যাপী সেমিনার

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে উগ্রবাদ প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর দেড়টার সময় বাংলাদেশ পুলিশের সন্ত্রাস দমন ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধ কেন্দ্র নির্মাণ প্রকল্পের সহযোগিতায় চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে পুলিশ লাইন্স ড্রিলশেডে চুয়াডাঙ্গা জেলায় কর্মরত দফাদার ও চৌকিদারদের অংশগ্রহণে ‘উগ্রবাদ প্রতিরোধে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর করনীয়’ শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, দেশে উগ্র জঙ্গিবাদ ও সন্ত্রাস দমনে পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসনসহ দেশের সচেতন মানুষ প্রশাসনের সকল ইউনিটকে ব্যাপক সহযোগিতা করেছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিত তরুন মেধাবী যুবক যুবতীরা ভুলকরে উগ্রবাদের সন্ত্রাসী কার্যক্রমে জড়িয়ে পড়ছে। তবে সারা বিশ্বের সকল সোভ্যদেশে আজ সন্ত্রাসী হামলা হচ্ছে। এই উগ্রপন্থীর মূলহুতারা ধর্মের নামে ক্ষমতা বাস্তবায়নের জন্য তরুন শিক্ষিত যুবসমাজকে ব্যাবহার করছে। তাই সচেতন সকল নাগরিক ও অভিবাকদের তার সন্তানের দিকে বিশেষ নজর রাখতে হবে। আমরা যদি সকলে মিলে কাজ করি তবে উগ্রপন্থী জঙ্গি বাদ প্রতিহত করতে পারবো বলে জানান। আর এই জঙ্গিদের কার্যক্রমের গোপন তথ্য বা সংবাদ সাধারন মানুষের পাশাপাশি গণমাধ্যম কর্মীরা প্রচার করে জনসচেতনতা সৃষ্টি করতে সহায়তা করতে পারে বা তারা করছে। তাই সকলের প্রচেষ্টায় মুক্তিযুদ্ধের বাংলাদেশ গড়ার লক্ষে সরকার যেমন কাজ করছে তার সাথে আমাদের সকলের সহযোগিতা প্রতাশা করেন। তাই আসুন সকলে মিলে উগ্রজঙ্গিবাদ প্রতিরোধ করে দেশকে এগিয়ে নিয়ে যায়

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত

ম্যাজিস্ট্রেট এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন। চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা জেলা পুলিশের কর্মকর্তা বৃন্দ।

আলমডাঙ্গায় ২৮ পিস ইয়াবাসহ মাদক বিক্রেতা আটক

আলমডাঙ্গা উপজেলার সাহেবপুর গ্রাম থেকে আঠাশ পিস ইয়াবাসহ হাফিজুর রহমান (৩০) নামে এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার বিকেল ৫টায় তাকে আটক করা হয়। হাফিজুর রহমান উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের সাহেবপুর গ্রামের মৃত রমজান আলীর ছেলে।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের সাহেবপুর গ্রামের হাফিজুর রহমান। দীর্ঘদিন নিজ গ্রামসহ পার্শ্ববর্তী এলাকায় খুচরা ইয়াবা বিক্রি করে। প্রত্যান্ত অঞ্চল হওয়ায় সে পুলিশের ধরা ছোঁয়ার বাইরে থাকে।

গতকাল মঙ্গলবার বিকেলে হাফিজুর নিজ বাড়ি থেকে পাশের গ্রাম শালিকায় ইয়াবা বিক্রয়ের উদ্দেশ্যে যায়। এসময় আলমডাঙ্গা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযান পরিচালনা করে থানার উপ-পরিদর্শক (এসআই) আমিনুর ইসলাম। এসময় শালিকা গ্রাম হাফিজুরকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে ২৮ পিস ইয়াবা উদ্ধার করে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান,- মাদক অভিযান চালিয়ে এক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। আটকৃত হাফিজুরের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় মামলা দায়ের করা হয়েছে ।

[redacted]

[redacted]

কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান। গত রবিবার দর্শনা সীমান্তে বিজিবির চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছে। এ অভিযানে চোরাকারবারীর ফেলে যাওয়া মোটরসাকেলে অভিনব কায়দায় লুকিয়ে রাখা স্থান থেকে প্রায় ৫ কেজি রুপার গহনা উদ্ধার করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি।

বিজিবি জানায়, চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত সুলতানপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকা ঝাঝাডাঙ্গা গ্রামের মধ্যে দিয়ে রুপা পাচার করা হবে। এমন প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের সুলতানপুর বিওপির টহল কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল মান্নান সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৮/৬-আর হতে আনুমানিক ৪০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ঝাঝাডাঙ্গা মাঝাপাড়া পুরাতন মসজিদের সামনে পাঁকা রাস্তার পার্শ্বে এ্যাম্বুশের জন্য অবস্থান করে। সময় আনুমানিক সন্ধা সাড়ে ৬ টার দিকে অজ্ঞাত একজন ব্যক্তি ১টি মোটরসাইকেলযোগে দর্শনা এলাকার দিকে যেতে দেখে এবং বিজিবি সশস্ত্র টহলদল উক্ত মোটর সাইকেলটি গতিরোধ করলে মোটরসাইকেল আরোহী টহলদলকে দেখতে পেয়ে দ্রুত মোটর সাইকেলটি ফেলে দৌড়ে পালিয়ে যায়। পরবর্তীতে টহলদল মোটরসাইকেলটি জব্দ করে তাতে তল্লাশি করে মোটরসাইকেলের তেলের ট্যাংকির উপর সুতির গামছা দিয়ে মোড়ানো ৪ টি পলিথিনের ব্যাগ হতে ৪ কেজি ৯৮৫ গ্রাম (৪২৭.৩৮ ভরি) ওজনের রুপা এবং ১ টি মোটর সাইকেল আটক করতে সক্ষম হয়।

এ ব্যাপারে হাবিলদার মোঃ আব্দুল মান্নান বাদী হয়ে দর্শনা থানায় মামলা করতঃ আটককৃত রুপাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

জীবননগরে ভ্যারাইটি স্টোর মালিককে ৩০হাজার টাকা জরিমানা

জীবননগর ভ্রাম্যমান আদালত অভিযান চালিয়ে একটি প্রতিষ্ঠানকে ৩০হাজার টাকা জরিমানা প্রদান করেছে।

আজ সোমবার দুপুরে জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি

মিত্র জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর পৌর শহরের পান বাজারে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে সোহানা ভ্যারাইটি স্টোর থেকে নকল সিভিট বিক্রয়, মেয়াদ উত্তীর্ণ তেতুলের আচার, রঙ মিশ্রিত চকলেট বিক্রয় করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন এ দোকানের মালিক মোঃ রিপন হোসেনকে ৩০হাজার টাকা জরিমানা করা হয়। এবং জব্দকৃত পণ্য আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

ভ্রাম্যমান আদালত পরিচালনার সহযোগিতা করেন জীবননগর হাসপাতালের ইন্সেফেক্টর মোঃ আনিসুর রহমান।

আলমডাঙ্গায় ইউপি সদস্যের বিরুদ্ধে সংরক্ষিত মহিলা সদস্যকে মারপিটের অভিযোগ

ভিজিডি কার্ড সঠিক ভাবে বন্ট না করায় প্রতিবাদ করাতে সংরক্ষিত মহিলা মেম্বারকে মারপিটের ঘটনায় ইউপি সদস্যের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে।

ঘটনাটি গতকাল রবিবার উপজেলার কালিদাসপুর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে ঘটেছে। ওই ঘটনায় আজ সোমবার সংরক্ষিত মহিলা মেম্বার বাদি হয়ে ইউপি সদস্য মাসুদ রানা শিপনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছে।

অভিযোগ সূত্রে জানা যায়, আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়ন পরিষদে গত ৯ এপ্রিল ভিজিডি কার্ড বিভাজন সংক্রান্ত মিটিং চলছিল। বরাবরের মত মহিলা সদস্যদের কার্ড প্রাপ্তির ন্যায্য হিস্যা থেকে বঞ্চিত করতে চাইলে মহিলা সদস্যরা প্রতিবাদ করেন। এতে ক্ষিপ্ত হয়ে ৪ নং ওয়ার্ড মেম্বার মাসুদ রানা শিপন মহিলা সদস্যদের গালিগালি শুরু করেন ।

সংরক্ষিত মহিলা সদস্য সাবিয়া খাতুন প্রতিবাদ জানালে তাকে চেয়ার তুলে মারধর করা হয়। এতেও ক্ষান্ত না হয়ে তিনি মোবাইলফোনে

পারকুলা গ্রামের লাল্টু, পাইকপাড়া গ্রামের সোহাগসহ কয়েকজন যুবককে ডেকে নেন। তারা উপস্থিত হয়ে মহিলা সদস্যদের আরেক দফা গালমন্দ করেন। মারধরের হুমকি দেন।

এ ঘটনার বিষয়ে ইউপি চেয়ারম্যান আশাদুল হক মিকা জানান, “আমি উপস্থিত ছিলাম না। শুনেছি – ওই দিন পরিষদে মিটিং ছিল। মিটিং চলাকালে ওয়ার্ড মেম্বর মাসুদ রানা শিপন মহিলা মেম্বরকে গালমন্দ করেন। ধাক্কাধাকি হয়। এক পর্যায়ে চেয়ার তুলে মহিলা মেম্বর সাবিয়াকে মারতে উদ্যত হয়। তারা সকলেই মেম্বর। মহিলা মেম্বররা তিনটি ওয়ার্ডের মেম্বার। তাদেরকে গালমন্দ করা উচিত হয়নি। এতে ইউনিয়ন পরিষদের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে।”